

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স - ১২৯৮ (আগরতলা, ১৮।৭)
রূপাইছড়ি, ১৮ জুলাই ২০১৭

রূপাইছড়ি ভিলেজে নানা উন্নয়ন কাজ

রূপাইছড়ি ব্লকের রূপাইছড়ি এ ডি সি ভিলেজে এম জি এন রেগার মাধ্যমে বিভিন্ন স্থায়ী সম্পদ গড়ে তোলা হয়েছে। এই কর্মসূচিতে ৪টি কাঁচা রাস্তা সংস্কার, কৃষি কাজের উন্নয়নে ৩৯টি জমি সমতলকরণ, মৎস্য চাষের জন্য ২টি পুকুর খনন ও ১২টি কাঁচা নালা সংস্কার করা হয়েছে। এই কাজগুলি বাস্তবায়নে ৪৫ লক্ষ ৮৬ হাজার ২৫৪ টাকা ব্যয় হয়। এতে ২৭ হাজার ২১৬টি শ্রমদিবসের সৃষ্টি হয়। এছাড়া, স্বচ্ছ ভারত মিশনের আওতায় এই ভিলেজের ৩০টি এ পি এল পরিবারকে বিজ্ঞান সম্মত শৌচালয় তৈরী করে দেওয়া হয়। প্রতিটি শৌচালয় নির্মাণে ব্যয় হয় ১২ হাজার টাকা করে। এছাড়া, হস্ততাঁত, হস্তকারু ও রেশম শিল্প দপ্তরের উদ্যোগে এই ভিলেজের ১২টি পরিবারকে তুঁত বাগান করে দেওয়া হয়েছে।
